

তাহের ম. শায়েখ

## ফেরা

(পূর্ববী দিককে )

*It's hard to be away from home..*

নিজস্ব শিকড়ে ফেরা -ফিরে যায় - যেতে হয়;  
ম্রিয়মান আলো, কুয়াশার ঘ্রাণ, চৈতি সমীরণ,  
এবং ঘুমার্দ্র চোখ যেন দোষখ;  
যাযাবর মেঘ-মাতাল আকাশে;  
মরু হাওয়া-দন্ধ বেদুইনীর কামানলে,  
বুরগারে বিস্রব স্নানে, বহু-জাতিক উপস্ত্রে- কি  
খুজেছি এত কাল- স্বল্লাবসনা সুন্দরী  
সাকীর চষকে লোহিত স্নাত শ্বশন বিলাসে?  
অপরিসর দ্রাঘিমায়, দু'চোখ কষ্টবৃদ্ধ হৃদয়ে  
পূর্ব পুরুষের ভিটে মাটি, নিদারুন তৃষণ,  
আস্তিতর্নে বিমোয় পুষ্টিহীন সরবত্তা ..  
এলোমেলো মনস্কায় জীবনের নাম ।  
বন্ধনের মায়ায় জড়ালে-বেটে বর্তে ...  
উদ্বন্ধনের ডাক যে শুনেছে নির্মোহে ভাসে  
জোয়ারের প্লাবনে, যে জেনেছে জীবনের গোপন রহস্য ।  
টান-পোড়নের সময় শেষে ক্লান্ত সায়াহু  
চুক্তিবদ্ধ নাগরে আনাবাদ উন্মুখ-রাত্রির কোলে,

তার ফেরা কি সহজ- সে-ই জানে যে ফিরে উৎসের দিকে ।

উড়ে ঘুরে কি খোঁজে অনিকেত কোকিল  
বোধি বৃক্ষের ছায়ায়; ভূলে যায় অরণ্যক অভঙ্গ্য যাপণ ...

তুলনামূলক স্বচছলতা পর-শ্রম-লব্ধ ভৈবব জৌলসে ...  
সমুদ্র- তনুয় চোখে মন ছুটে যায় বিবাদে যেমন ধলেশ্বরী ...

আমার শরীর প্রতিদিন কাঁদা-মাটির সোঁদা গন্ধ পিয়াসী !